



## শাহজালাল কার্গো আগুন নিয়ন্ত্রণে, ভবিষ্যতের ঝুঁকি মোকাবেলায় সতর্কতা



সংগৃহীত ছবি

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে আগুন পুরোপুরি নির্বাপন হয়েছে। ফায়ার সার্ভিস ভবিষ্যতে এমন দুর্ঘটনা প্রতিরোধের জন্য সতর্ক করে যথাযথ ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছে।

রোববার (১৯ অক্টোবর) বিকেলে এক ব্রিফিংয়ে ফায়ার সার্ভিসের পরিচালক (অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স) লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী জানান, কার্গো ভিলেজের আগুন সকাল ৪:৫৫ মিনিটে সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণে এসেছে। তিনি বলেন, “ভবনের ভেতরে যদি কার্যকর ডিটেকশন ও প্রটেকশন ব্যবস্থা থাকত, তাহলে আগুন নেভাতে এত সময় লাগত না। স্টিলের পরিমাণ বেশি থাকার কারণে তাপও বেশি ধরে রাখা হয়েছিল।”

পরিচালক আরও উল্লেখ করেন, আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে এলেও ফায়ারের চারটি ইউনিট ঘটনাস্থলে থাকবে। স্টোরটি খুবই সংকীর্ণ এবং ভেতরে প্রচুর দাহ্য পদার্থ থাকার কারণে আগুন নেভাতে কিছুটা সময় লেগেছে। তবে ফায়ার সার্ভিসকে প্রবেশে বাধা দেওয়ার কোনো অভিযোগ পাওয়া যায়নি।

তিনি সতর্ক করে বলেন, ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে গেছে। ফটল দেখা দিয়েছে এবং কিছু ক্যামিকেলের কারণে পরিবেশে ঝুঁকি থাকতে পারে, তবে তা উল্লেখযোগ্য নয়। আগুন নিয়ন্ত্রণের সময় ফায়ার সার্ভিসের দুই কর্মী সামান্য আহত হয়েছেন।